গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামুদ্রিক মৎস্য দপ্তর
সরকারী কার্য ভবন নং-১
আগ্রাবাদ, চট্টগ্রাম ।
www.marine.fisheries.gov.bd

স্মারক নং-৩৩.০২.০০০০.২০২.৫০.১১৭.১৫.৪১১ তারিখ: ১৭-০৪-২০২৩ খ্রি.

সুত্র: মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা ঢাকার সামুদ্রিক শাখার স্মারক নং ৩৩.০২.০০০০.১০৯.১১.০৩২.১৫.৬৬; তারিখ: ০৪-০৪-২০২৩ খ্রি:

বিষয়: ২০ মে হতে ২৩ জুলাই/২০২৩ পর্যন্ত মোট ৬৫ (পয়ষট্টি) দিন সমুদ্রে সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরন বন্ধ কার্যক্রম বাস্তবায়নে গৃহীত কর্মপরিকল্পনা প্রেরণ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০ মে হতে ২৩ জুলাই/২০২৩ পর্যন্ত মোট ৬৫ (পয়ষট্টি) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ বন্ধে কার্যকর কৌশল নির্ধারণের লক্ষে অত্র দপ্তরের কর্মপরিকল্পনা এতদসংঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১৭/০৪/২৩

(মোঃ জিল্লুর রহমান)
পরিচালক (সামুদ্রিক) (চ.দা)
সামুদ্রিক মৎস্য দপ্তর
আগ্রাবাদ, চট্টগ্রাম।
ফোন: ০২-৩৩৩৩২১৭৩১
directormarine@fisheries.gov.bd

১৭.৪.২৩

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন,রমনা, ঢাকা।

মনোযোগে: উপ-প্রধান (সামুদিক ) মৎস্য ভবন,রমনা ঢাকা ।

সদয় অবগতির জন্য অনুলিপি: (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। উপপরিচালক, বরিশাল বিভাগ,বরিশাল/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ খুলনা বিভাগ,খুলনা।
২। উপপরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৩। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। জেলা মৎস্য অফিসার, চট্টগ্রাম/ খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ ফেনী/ কক্সবাজার/ নোয়াখালী/ লক্ষীপুর/ বরিশাল/ ঝালকাঠি/ পটুয়াখালী/ পিরোজপুর/ ভোলা/ বরগুনা।
৫। সহকারী পরিচালক ১/২, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৬। সামুদ্রিক উৎপাদন কর্মকর্তা/ পরিসংখ্যান কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্রগ্রাম ।
৭। পরিদর্শক (সকল) সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্রগ্রাম ।
৮। প্রশাসনিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্রগ্রাম।
৯। জনাব-----------------------------------------------
১০। সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ২০ মে ২০২৩ খ্রি. হতে ২৩ জুলাই ২০২৩ খ্রি. পর্যন্ত ৬৫ (পঁয়ষট্টি) দিন সব ধরণের মৎস্য নৌযান কর্তৃক মৎস্য আহরণের বন্ধ মৌসুম বাস্তবায়ন উপলক্ষে সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা:

| ক্রমিক নং | বিষয় | বিবরণ | তারিখ ও সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | প্রস্তুতি সভা | সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম ও সামুদ্রিক মৎস্য জরীপ ব্যবস্থাপনা ইউনিট আগ্রাবাদ, চট্টগ্রাম ও সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্প, চট্টগ্রাম এবং বোট মালিক সমিতি এর কর্মকর্তাদের সমন্বয়ে প্রস্তুতি সভা | ১৬ এপ্রিল, ২০২৩ খ্রি. | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| ২ | বিভিন্ন সরকারী, বেসরকারী সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন | | | |
| | নৌ বাহিনী, কোস্টগার্ড, নৌ পুলিশ ও বিভিন্ন এসোসিয়েশনকে পত্র প্রদান | ৬৫ দিন বন্ধ মৌসুম উপলক্ষে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সমূহ বাংলাদেশ কোস্টগার্ড ও বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক বাস্তবায়নের বিষয়ে পত্র প্রেরণ ও সমন্বয় সাধন। বাংলাদেশ মেরিন ফিশারিজ এয়োসিয়েশন, মেরিন হোয়াইট ফিশ ট্রলার ওনার্স এসোসিয়েশন, বাংলাদেশ বোট মালিক সমিতি, বাংলাদেশ মেরিন এক্স ক্যাডেট এসোসিয়েশন ও বেহুন্দি জাল বোট মালিক সমবায় সমিতিকে বন্ধ মৌসুম বাস্তবায়ন বিষয়ে পত্র প্রদান | ১০ মে, ২০২৩ খ্রি. | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| ৩ | প্রচার-প্রচারণামূলক কার্যক্রম | | | |
| | ➢ মাইকিং | জনবহুল স্থান, মাছ বাজার, ঘাট, মৎস্য অবতরণকেন্দ্র প্রভৃতি স্থানে সামুদ্রিক মৎস্য আহরণ বন্ধ রাখার জন্য মাইকিং | ১৫-১৯ মে ২০২৩ খ্রি. | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| | ➢ ব্যানার | জনবহুল স্থানসমূহে ব্যানার প্রদর্শন | ১৫ মে ২০২৩ খ্রি. | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| | ➢ পোস্টার, লিফলেট তৈরী ও বিতরণ | জনবহুল স্থানসমূহ যেমন মৎস্য বাজার, মৎস্য অবতরণকেন্দ্র এ জনসচেতনতা বৃদ্ধির জন্য ব্যানার প্রদর্শন | ১৫ মে, ২০২৩খ্রি. | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| | ➢ বাংলাদেশ বেতার/কমিউনিটি রেডিওতে প্রচার | চট্টগ্রাম বেতার কেন্দ্র এবং সীতাকুন্ড ও টেকনাফ কমিউনিটি রেডিও থেকে প্রচার | ১০ মে, ২০২৩ হতে থেকে পুরো নিষিদ্ধ মৌসুম পর্যন্ত | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| | ➢ পত্রিকায় বিজ্ঞপ্তি | চট্টগ্রামের ০১ টি স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও মৎস্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত সময়ে | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| | ➢ কেবল নেটওয়ার্কে বিজ্ঞাপন | জেলা টাস্কফোর্স কমিটি, চট্টগ্রামের সাথে সমন্বয় করে ব্যাপক জনসচেতনতা ও বহুল প্রচারের নিমিত্ত স্থানীয় কেবল নেটওয়ার্কের মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার | ১৫ মে, ২০২৩ খ্রি. হতে | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| ৪ | অংশীজনদের নিয়ে অবহিতকরণ ও মতবিনিময় সভা আয়োজন | সামুদ্রিক মৎস্য সেক্টরের বিভিন্ন অংশীজনদের নিয়ে অবহিতকরণ ও মত বিনিময় সভা | ১৪ মে, ২০২৩ খ্রি. হতে | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| ৫ | মেরিন ফিশারিজ সার্ভেইল্যান্স চেকপোস্ট এ নিয়মিত মনিটরিং | ৬৫ দিন মৎস্য আহরণের নিষেধাজ্ঞা চলাকালে মাছ ধরা ও বিক্রি বন্ধ রাখার জন্য মেরিন ফিশারিজ | ১৬ মে, ২০২৩ খ্রি. | সামুদ্রিক মৎস্য দপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | কার্যক্রম পরিচালনায় টিম গঠন | সার্ভেইল্যান্স চেকপোস্ট এ নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালনার জন্য টিম গঠন। | | |
| ৬ | বাণিজ্যিক ট্রলারের সমুদ্র যাত্রার অনুমতি পত্র (SP) প্রদান বন্ধ রাখা | ৬৫ দিন মৎস্য আহরণের নিষেধাজ্ঞা চলাকালে বাণিজ্যিক ট্রলার সমূহের অনুকূলে সমুদ্র যাত্রার অনুমতিপত্র ইস্যু বন্ধ রাখা হবে | ১৯ মে, ২০২৩ খ্রি. হতে মৎস্য আহরণের নিষিদ্ধকালীন মৌসুম | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| ৭ | বাণিজ্যিক ট্রলার এর আগমনী নিশ্চিতকরণ | মৎস্য আহরণের নিষেধাজ্ঞাকালীন মৎস্য আহরণ হতে বিরত থাকতে সকল বাণিজ্যিক ট্রলার সমুদ্র হতে প্রত্যাবর্তন নিশ্চিত করা | ১৯ মে, ২০২৩ খ্রি. | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| ৮ | উপকূলীয় এলাকায় যৌথ অভিযান | মৎস্য আহরণের নিষেধাজ্ঞাকালীন কর্ণফুলীর মোহনা ও উপকূলীয় এলাকায় বাংলাদেশ নৌ বাহিনী, বাংলাদেশ কোস্টগার্ড ও বাংলাদেশ নৌ পুলিশ সহকারে যৌথ অভিযান পরিচালনা | মৎস্য আহরণের নিষিদ্ধকালীন সুবিধামতো সময়ে সময়ে | সামুদ্রিক মৎস্য দপ্তর বাংলাদেশ নৌ বাহিনী, বাংলাদেশ কোস্ট গার্ড, বাংলাদেশ নৌ পুলিশ |
| ৯ | উপকূলীয় মৎস্য অবতরণকেন্দ্র, ঘাট ও বাজার পরিদর্শন | ৬৫ দিন মৎস্য আহরণের নিষেধাজ্ঞা চলাকালে মাছ ধরা ও বিক্রি বন্ধ রাখা নিশ্চিত করার জন্য উপকূলীয় মৎস্য অবতরণকেন্দ্র, ঘাট, মাছের বাজারসমূহ নিয়মিত পরিদর্শন করা | সমুদ্রে ৬৫দিন মৎস্য আহরণের নিষিদ্ধকাল জুড়ে | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| ১০ | কন্ট্রোল রুম স্থাপন | সাগরে ৬৫ দিন মৎস্য আহরণের নিষেধাজ্ঞা চলাকালে সামুদ্রিক মৎস্য দপ্তর কর্তৃক গৃহিত বিভিন্ন কার্যক্রম পরিচালনাকালে বিভিন্ন সরকারী, বেসরকারী দপ্তর ও সংস্থা, উপকূলীয় বিভাগ, জেলা ও উপজেলা মৎস্য দপ্তর সমূহ এবং মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকার সাথে নিয়মিত যোগাযোগ স্থাপনের জন্য একটি বিশেষ কন্ট্রোল রুম স্থাপন করা হবে। | ১৮ মে, ২০২৩ খ্রি. হতে মৎস্য আহরণের নিষিদ্ধকালীন মৌসুম | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| | প্রতিবেদন প্রস্তুতি ও প্রেরণ | মৎস্য অধিদপ্তর বাংলাদেশ হতে প্রেরিত ছকপত্র মোতাবেক প্রতিদিনের গৃহিত কাযক্রমের প্রতিবেদন প্রেরণ | ২০ মে, ২০২৩ খ্রি. হতে মৎস্য আহরণের নিষিদ্ধকালীন মৌসুম | সামুদ্রিক মৎস্য দপ্তর |
| ১১ | বিবিধ | পরিচালক, সামুদ্রিক এর সভাপতিত্বে বিভিন্ন আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী, জেলা মৎস্য কর্মকর্তা, চট্টগ্রাম ও অংশীজনের সমন্বয়ে ৬৫ দিন বন্ধ মৌসুম বাস্তবায়ন বিষয়ক সভা করা হবে এবং উপকূলীয় বিভাগ, জেলা ও উপজেলার মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দের সাথে সামুদ্রিক মৎস্য আইন ও বিধিমালা বিষয়ক অবহিতকরণ সভা অনলাইনে করা হবে। | ২০ মে, ২০২৩ খ্রি. এর পূর্বে | সামুদ্রিক মৎস্য দপ্তর |

১৭।০৫।২৩

(মোঃ জিল্লুর রহমান)
পরিচালক (সামুদ্রিক) (চ.দা.)
সামুদ্রিক মৎস্য দপ্তর,আগ্রাবাদ, চট্টগ্রাম।
ফোন: ০২-৩৩৩৩২১৭৩১
directormarine@fisheries.gov.bd